



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

ঢাকা।



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং- ১২৫/২০২১

তারিখ : ২৫ আশ্বিন ১৪২৮
১০ অক্টোবর ২০২১

পরীক্ষা গ্রহণকারী প্রতিষ্ঠান নির্বাচনের জন্য উন্মুক্ত দরপত্র আহ্বান

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ০৭টি ব্যাংক ও ০১ টি আর্থিক প্রতিষ্ঠানে ‘অফিসার’ এর ২৪৭৮টি শূন্য পদে নিয়োগের নিমিত্তে প্রার্থীদের MCQ Test ও লিখিত পরীক্ষা গ্রহণকারী প্রতিষ্ঠান নির্বাচনের জন্য ই-টেন্ডার বিজ্ঞপ্তি।

| ক্রম | শিরোনাম | বিবরণ |
|------|---------------------------|---|
| ১ | কাজের নাম | ১. ১,৫৭,৮৯৭ জন প্রার্থীর অভিন্ন প্রশ্নপত্রে ঢাকা সিটি কর্পোরেশনদ্বয়ের মধ্যে অবস্থিত পরীক্ষা কেন্দ্রে ০১ ঘন্টা ব্যাপী ১০০ নম্বরের MCQ Test গ্রহণ; ২. MCQ Test এর ফলাফলের ভিত্তিতে কম/বেশি ২২,০০০ জন প্রার্থীর ০২ ঘন্টা ব্যাপী ২০০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ; ৩. সকল ক্ষেত্রে পরীক্ষা গ্রহণান্তে মেধাক্রম ও রোল নম্বর অনুযায়ী ফলাফল তালিকা (হার্ড কপি ও সফট কপি) প্রণয়ন ও সরবরাহ। |
| ২ | যোগ্যতা ও অভিজ্ঞতা | সরকার কর্তৃক অনুমোদিত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান/প্রশিক্ষণ ইনস্টিটিউট/কনসাল্টিং ফার্ম যাদের বিগত ৫(পাঁচ) বছরের মধ্যে (টেন্ডার দাখিলের তারিখ হতে) এক বা একাধিক কার্যাদেশ/চুক্তির আওতায় একক আয়োজনে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে সমজাতীয় পদে কমপক্ষে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) জন প্রার্থীর নিয়োগ পরীক্ষা গ্রহণ ও ফলাফল তৈরির অভিজ্ঞতা রয়েছে এরূপ প্রতিষ্ঠান। |
| ৩ | নির্দেশিকা ও সিডিউল | বিস্তারিত নির্দেশনা ও শর্তাবলী সম্বলিত দরপত্র সিডিউল বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট www.bb.org.bd এর e-Tender-অংশে পাওয়া যাবে। |
| ৪ | দর দাখিল | দরদাতা প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (www.bb.org.bd) রেজিস্ট্রেশন সম্পন্নকরতঃ স্ব স্ব আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে আর্থিক প্রস্তাবের নির্ধারিত Form যথাযথ ভাবে পূরণ করতে হবে; |
| ৫ | দলিলাদি দাখিল (সফট কপি) | দরদাতার স্বাক্ষর ও সীলসহ নিম্ন বর্ণিত দলিলাদি/ কাগজপত্রাদির সত্যায়িত কপি দরপত্রের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে: ১. বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠান গঠন সম্পর্কে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনপত্র; ২. কোনো বিভাগ বা কোনো বিশেষায়িত টিমের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নিয়োগ সংক্রান্ত কাজ করার অনুমোদন পত্র; ৩. চাহিদা অনুযায়ী সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের অভিজ্ঞতার স্বপক্ষে কার্যাদেশ প্রদানকারী প্রতিষ্ঠানের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র; ৪. VAT ও TIN রেজিস্ট্রেশন সনদ; ৫. কর অব্যাহতি সনদ (প্রযোজ্য ক্ষেত্রে); ৬. দাখিলকৃত আর্থিক প্রস্তাবের নির্ধারিত Form; ৭. দরপত্র সিডিউল এর স্বাক্ষরিত কপি। |
| ৬ | দলিলাদি দাখিল (হার্ড কপি) | দরপত্রে অংশগ্রহণ সংশ্লিষ্ট প্রামাণ্য যাবতীয় কাগজপত্রাদি ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় এর মহাব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে। |
| ৭ | দাখিলের শেষ সময় | ২৫/১০/২০২১ তারিখ সকাল ১১.০০ টা পর্যন্ত। |
| ৮ | খোলার সময় | ২৫/১০/২০২১ তারিখ সকাল ১১.১৫ টায় দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ে অনলাইনে খোলা হবে। |
| ৯ | অন্যান্য শর্ত | ১. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র বিবেচনা করা হবে না। ২. কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র গ্রহণে বাধ্য নয় এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। |

স্বাক্ষরিত/=

(মোঃ আজিজুল হক)

মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক

ও

সদস্য-সচিব, বিএসসি